গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০১২.২৬-৯৯৫

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

বিষয় : ২০২৭ সনের হজে বেসরকারি মাধ্যমে নিবন্ধিত হজযাত্রীর প্রাক-নিবন্ধন বাবদ জমাকৃত অর্থ সৌদি আরবে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের রোডম্যাপ অনুযায়ী ২০২৭ সনের হজে বেসরকারি মাধ্যমের হজযাত্রীর সৌদি পর্বের ব্যয় নির্বাহের লক্ষ্যে প্রত্যেক হজযাত্রীর প্রাক-নিবন্ধন বাবদ জমাকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা হতে হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৭ এর ৯(৫) অনুযায়ী জমজম পানি, মক্কা-মদিনায় ২% অতিরিক্ত বাড়ি ভাড়া, স্থানীয় সার্ভিস চার্জ, প্রাক-নিবন্ধন প্রসেস ফি, হজযাত্রীর কল্যাণ তহবিল ও প্রশিক্ষণ ফি বাবদ মোট ৫,৫৬৫.০০ (পাঁচ হাজার পাঁচশত পঁয়ষট্টি) টাকা রক্ষণপূর্বক অবশিষ্ট ২৪,৪৩৫.০০ (চব্বিশ হাজার চারশত পঁয়ত্রিশ) টাকা করে সৌদি আরবে বাংলাদেশ হজ অফিস, জেদ্দার IBAN হিসাবে প্রেরণ করা প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের Hajj Service Charge Payble of Saudi Govt. শিরোনামের ০০০২৬৩৩০৯৪৫৮৬ নম্বর হিসাবে জমাকৃত অর্থ হতে ২০২৭ সনের হজে বেসরকারি মাধ্যমে নিবন্ধিত ৭০,৮৯২ (সত্তর হাজার আটশত বিরানব্বই) জন হজযাত্রীর প্রত্যেকের জন্য ২৪,৪৩৫.০০ (চব্বিশ হাজার চারশত পঁয়ত্রিশ) টাকা করে মোট **(৭০,৮৯২×২৪,৪৩৫.০০)=১৭৩,২২,৪৬,০২০.০০ (একশত তিয়াত্তর কোটি বাঁইশ লক্ষ ছিচল্লিশ হাজার বিশ)** টাকা রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত Masar Nusuk System এর বাংলাদেশ হজ অফিস, জেদ্দার IBAN এ স্থানান্তর/প্রেরণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বাংলাদেশ হজ অফিস, জেদ্দার IBAN সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

Account owner Name	ELM Company
Name of the Bank	Al Rajhi Bank
IBAN Number	SA2980900018663991025029

০২.১১.২০২৬
মাসুদ আলম
হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোন: ৯৫৪০৬০৪
aco_accounts@mora.gov.bd

০২/১১/২০২৬
মো: রফিকুল ইসলাম
যুগ্মসচিব
ফোন : +৮৮০২-৯৫৪৬৫৮৯
ds_hajj@mora.gov.bd

মহাব্যবস্থাপক
সোনালী ব্যাংক পিএলসি
স্থানীয় কার্যালয় শাখা
মতিঝিল, ঢাকা।

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০১২.২৬-৯৯৫

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (সৌদি আরবে অর্থ স্থানান্তর/প্রেরণের অনুমতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, মতিঝিল, ঢাকা
৩. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৫. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৬. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, পল্টন, ঢাকা
১০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. অফিস কপি।

০২.১১.২০২৬
মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব